

বাংলাদেশ

ডাকসুর ২৮ পদে কারা কোনটিতে জয়ী

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ১০ সেপ্টেম্বর ২০২৫, ১২: ১৮



ফল ঘোষণার সময় সিনেট ভবনে উল্লিখিত ছাত্রশিবিরের সাদিক কায়েম, এস এম ফরহাদ ও মুহা. মহিউদ্দীন খান (বাঁ
থেকে)। তাঁরা ভিপি, জিএস ও এজিএস পদে নির্বাচিত হয়েছেন। আজ বুধবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছবি: প্রথম
আলো

ডাকসুর ১২টি সম্পাদকীয় পদের মধ্যে ৯টিতে ছাত্রশিবির সমর্থিত প্যানেলের প্রার্থীরা জয়ী হয়েছেন। বাকি তিনটি
পদে স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন। সহ-সভাপতি (ভিপি), সাধারণ সম্পাদক (জিএস) ও সহসাধারণ সম্পাদকপদসহ
(এজিএস) ডাকসুতে পদ আছে ২৮টি। এর মধ্যে সদস্যপদ ১৩টি। সদস্যপদে ফলাফল ঘোষণা চলছে।

ডাকসুতে কোন পদে কারা জয়ী হলেন দেখে নেওয়া যাক এক নজরে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবন থেকে চূড়ান্ত ফলাফল ঘোষণা চলছে। আজ বুধবার সকালে ছবি: প্রথম আলো

যেসব পদে ছাত্রশিবির সমর্থিত প্যানেলের প্রার্থীরা জয়ী:

- সহসভাপতি (ভিপি) —আবু সাদিক কায়েম—
- সাধারণ সম্পাদক (জিএস) —এস এম ফরহাদ
- সহসাধারণ সম্পাদক (এজিএস) —মুহা মহিউদ্দীন খান
- মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক —ফাতেমা তাসনিম জুমা
- বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক —ইকবাল হায়দার
- কমন রুম রিডিং রুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক —উম্মে ছালমা
- আন্তর্জাতিক সম্পাদক —জসীমউদ্দিন খান
- ক্রীড়া সম্পাদক —আরমান হোসেন
- ছাত্র পরিবহন সম্পাদক —আসিফ আব্দুল্লাহ

- ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদক—মাজহারুল ইসলাম
- স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক—এম এম আল মিনহাজ
- মানবাধিকার ও আইন বিষয়ক সম্পাদক—মো. জাকারিয়া

যেসব পদে স্বতন্ত্র প্যানেলের প্রার্থীরা জয়ী

- সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক-মুসাদিক আলী ইবনে মোহাম্মদ
- গবেষণা ও প্রকাশনা সম্পাদক-সানজিদা আহমেদ তফি
- সমাজসেবা সম্পাদক-যুবাইর বিন নেছারী

সদস্য পদে জয়ী কারা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে সদস্য পদ রয়েছে ১৩টি। এর মধ্যে ১১টিতে জয়ী হয়েছে ইসলামী ছাত্রশিবির সমর্থিত প্যানেলের সদস্যরা। একটিতে জয়ী হয়েছেন স্বতন্ত্র প্রার্থী। অন্যটিতে জয়ী বাম-সমর্থিত প্রার্থী।

ছাত্রশিবিরের প্যানেল থেকে জয়ী হলেন

সাবিকুন নাহার তামানা (১০০৮৪)

সর্ব মিত্র চাকমা (৮৯৮৮)

আফসানা আক্তার (৫৭৪৭)

রায়হান উদ্দীন (৫০৮২)

তাজিনুর রহমান (৫৬৯০)

ইমরান হোসাইন (৬২৫৬)

মিফতাহুল হোসাইন আল-মারফ (৫০১৫)

মো. রাইসুল ইসলাম (৪৫৩৫)

শাহীনুর রহমান (৪৩৯০)

আনাস ইবনে মুনির (৫০১৫)

মো. বেলাল হোসেন অপু (৪৮৬৫)

বামপন্থী প্যানেল থেকে জয়ী

হেমা চাকমা (৪৯০৮) - সাত বামপন্থী সংগঠনের প্যানেল প্রতিরোধ পর্ষদ

স্বতন্ত্র প্রার্থী জয়ী

উম্মা উসওয়াতুন রাফিয়া (৪২০৯)- স্বতন্ত্র

